



## 175312 - নামাযে সূরা ফাতহির আগে 'বসিমল্লাহ' পড়ার বধিান

### প্রশ্ন

আমি নামাযের প্রথম রাকাতে ছানা, আউজুবল্লাহ ও বসিমল্লাহ পড়ি। এরপর সূরা ফাতহি পড়ি। দ্বিতীয় রাকাতে আর 'বসিমল্লাহ' পড়ি না। আলহামদুলিল্লাহ থেকে পড়া শুরু করি। নামাযে এ পদ্ধতিটি কি গ্রহণযোগ্য? যদি প্রত্যেকে রাকাতে সূরা ফাতহির আগে 'বসিমল্লাহ' পড়া ওয়াজবি হয় সে ক্ষেত্রে এ মাসয়ালায় হানাফি মাযহাবের বক্তব্য কি?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

#### এক:

আলমেগণের একাধিক অভিমতের মধ্যে সবচেয়ে সঠিক হচ্ছে- আউজুবল্লাহ পড়া সুন্নত এবং এর স্থান হচ্ছে প্রথম রাকাতে। ইতোপূর্বে [65847](#) নং প্রশ্নের উত্তরে সেটা উল্লেখ করা হয়েছে।

#### দুই:

সূরা ফাতহির আগে বসিমল্লাহ পড়া নামাযের একটি সুন্নত। ইতোপূর্বে [22186](#) নং প্রশ্নের উত্তরে সেটা বর্ণনা করা হয়েছে।

অতএব, যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে অথবা ভুলক্রমে বসিমল্লাহ পড়ল না তাকে সহু সজেদা দিতে হবে না। তবে বসিমল্লাহ পড়া যদি তার সবসময়ের অভ্যাস হয়ে থাকে তাহলে ভুলে না পড়ে থাকলে সহু সজেদা দয়াটা মুস্তাহাব। আর যদি অভ্যাস হয়ে না থাকে তাহলে সুন্নত নয়।

আরও জানতে [112077](#) ও [65847](#) নং প্রশ্নের উত্তর দেখুন।

আর যদি কেউ ইচ্ছাকৃতভাবে ছেড়ে দিয়ে থাকে তাহলে সহু সজেদা দাবে না। কারণ সহু সজেদা দিতে হয় কেউ ভুলক্রমে নামাযের কোন কথা বা কাজ ছেড়ে দিলে। যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহিওয়া সাল্লাম বলছেন: “যদি তোমাদের কেউ ভুলে যায় তাহলে সে যেনে দুইটি সজেদা দিয়ে।” [সহিহ মুসলিম (৫৭২)] তিনি:

হানাফি মাযহাবে 'বসিমল্লাহ' পড়া সুন্নত।



‘আল-মাউসুআ আল-ফকিহিয়া’ গ্রন্থ (৮/৮৭) এ এসছে, হানাফি মাযহাবের সারকথা হলো- প্রত্যকে রাকাতে সূরা ফাতহির শুরুতে চুপে চুপে বসিমল্লাহ পড়া ইমাম ও মুক্তাদা উভয়ের জন্য সুন্নত। সূরা ফাতহি ও অন্য সূরার মাঝখানে বসিমল্লাহ পড়া আবু হানফি ও আবু ইউসুফের নকিট সুন্নত নয়। যহেতে বসিমল্লাহ সূরা ফাতহির অংশ নয়; বরং বরকতের জন্য সূরা ফাতহির শুরুতে উল্লেখ করা হয়েছে...। সমাপ্ত

আল্লাহই ভাল জানেন।